



চলুন ঘুরে আসি--

ছবি দেখে নিশ্চয়ই বুঝতে পারছেন কোথায় বেড়াতে যাওয়ার কথা বলছি--
ঠিকই ধরেছেন-আমি রংপুর এর পায়রাবন্ধ এর কথাই বলছি।

অবস্থান:

রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায় পায়রাবন্ধ গ্রাম অবস্থিত। পায়রাবন্ধ জেলা সদর থেকে প্রায় ৫ মাইল দক্ষিণে। এখানেই জন্মগ্রহণ করেন মহীয়সী নারী-নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০-১৯৩২)। এটি উপমহাদেশে বিশেষ পরিচিত।

দেখতে পাবেন:

বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এর জন্মভিটা। পৈত্রিক ভিটার ৩.১৫ একর ভূমির উপর নির্মিত হয়েছে বেগম রোকেয়া স্মৃতিকেন্দ্র। কথা দিচ্ছি পায়রাবন্ধ এর মনোরম পরিবেশ আপনাকে মুগ্ধ করবেই।

কিভাবে যাবেন:

ঢাকা থেকে রংপুর এর দূরত্ব ৩৩৫ কিঃমিঃ । কল্যাণপুর, মহাখালী, গাবতলী — যে কোন বাস টার্মিনাল থেকে যেকোন পরিবহণে রংপুরে আসা যায়। এছাড়াও ট্রেন বা প্লেনও আসতে পারেন। ভাড়া ৫০০-৮০০ এর মধ্যে। রংপুরে এসে যেকোন ছোট যানে করে পায়রাবন্ধ।

কোথায় থাকবেন:

রংপুর পর্যটন মোটেল থাকতে পারবেন। তাছাড়া আবাসিক হোটেল তো আছেই।

কিভাবে ফিরবেন:

রংপুর কামারপাড়া বাসস্ট্যান্ড থেকে সকাল ৬টা -১২টা ও দুপুর ২টা —রাত ১১টার মধ্যে যেকোন বাসেই ফিরে যেতে পারেন ঢাকা। এছাড়া রংপুর এক্সপ্রেস সন্ধ্যা ৭.৩০ মিঃ ছাড়ে ঢাকার উদ্দেশ্যে।

হাতে সময় থাকলে রংপুরের আরো অনেক ঐতিহাসিক স্থান দেখতে পাবেন।তো আর দেরী নয় – সময় করে চলুন বেড়িয়ে পড়ি।

আফরোজা নাসরীন সুলতানা,

সহঃ শিক্ষক ।

← রংপুর থেকে →